

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
অধিশাখা-৩
www.mole.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
অধিশাখা-৩
www.mole.gov.bd

স্মারক নং-৪০.০০.০০০০.০১৩.৯৯.২৪.১৪-২৩

তারিখ: ২৫/০১/২০১৭ খ্রিঃ

বিষয়: তথ্য অধিকার আইন ২০০৯ এর আওতায় তথ্য প্রদান প্রসঙ্গে।

সূত্র: শ্রম পরিদপ্তরের স্মারক নং- ৪০.২০.০০০০.০৩৬.৯৯.০২৩.২৯১৪-১৯, তারিখ: ১৯/০১/২০১৭ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব তাজ ইসলাম, পিতা- নজরুল ইসলাম, মাতা- গলেনুর বেগম, গ্রাম- লক্ষীচাপ, পোস্ট- লক্ষীচাপ কাচারী, থানা-নীলফামারী ও জেলা- নীলফামারী তথ্য প্রাপ্তির জন্য আবেদন করেন। তাঁর আবেদনের প্রেক্ষিতে তথ্য নিম্নরূপ:

“মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নং-৩৫৩৮/২০০১ এর রায়ের প্রেক্ষিতে বাংলাদেশ ডাক বিভাগ-এ সিবিএ নির্ধারণী নির্বাচনের ভোটার তালিকা তৈরির নিমিত্তে গত ১১/৯/২০১৩ খ্রিঃ তারিখে শ্রমিক-কর্মচারীর তালিকা চেয়ে মহাপরিচালক, বাংলাদেশ ডাক বিভাগ বরাবরে পত্র প্রেরণ করা হয়। বাংলাদেশ ডাক বিভাগ কর্তৃক ত্রুটিপূর্ণ ভোটার তালিকা প্রেরণ করা হলে সংশোধিত তালিকা চেয়ে শ্রম পরিদপ্তর থেকে গত ২০/১১/২০১৬ খ্রিঃ তারিখে সর্বশেষ তাগিদপত্র প্রেরণ করা হয়। কিন্তু অদ্যাবধি ডাক বিভাগ হতে সংশোধিত শ্রমিক-কর্মচারীর তালিকা পাওয়া যায়নি। বাংলাদেশ ডাক বিভাগ হতে সংশোধিত শ্রমিক-কর্মচারীর তালিকা পাওয়া মাত্রই সিবিএ নির্ধারণী নির্বাচনের কার্যক্রম এগিয়ে নেয়া সম্ভব হবে বলে আশা করা যায়”।

তথ্য অধিকার আইন ২০০৯ মোতাবেক এই তথ্য সরবরাহ করা হলো।

যুগ্ম সচিব (প্রঃ)
ডায়েরী নং- ২২৩
তারিখ- ২৫/০১/১৭

দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার নাম : জাহানারা বেগম
পদবী : উপসচিব (বাজেট)

তাজ ইসলাম

পিতা- নজরুল ইসলাম

গ্রাম- লক্ষীচাপ, পোস্ট- লক্ষীচাপ কাচারী, উপজেলা- নীলফামারী, জেলা- নীলফামারী।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:

- ১। সচিব, তথ্য কমিশন, এফ -৪/এ, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
- ২। যুগ্মসচিব (প্রশাসন), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়। [মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থার অনুরোধসহ।]
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।